দৈনিক ইত্তেফাক

JAN 31 2001

তারিখ ... পৃষ্ঠা ...[illegible]... কলাম ...[illegible]...

# সাড়ে ৬ কোটি টাকা ব্যয়ে নাটোরে ১৫৯টি বিদ্যালয়ে নূতন ভবন নির্মাণ ও সংস্কার হইতেছে

নাটোর সংবাদদাতা ।। সাড়ে ছয় কোটি টাকা ব্যয়ে নাটোর জেলায় ১৫৯টি বিদ্যালয়ের নূতন ভবন নির্মাণ ও সংস্কার হইতেছে। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর ভবনগুলি নির্মাণ করিতেছে।

জেলা শিক্ষা অফিস ও জেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা যায়, নাটোরের ছয়টি উপজেলায় মোট ৯৩৮টি শিক্ষা প্রতিষ্ঠান আছে। তন্মধ্যে ৬৫৬টি সরকারী ও রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়, ১৫৭টি উচ্চবিদ্যালয়, ৩৩টি নিম্নমাধ্যমিক বিদ্যালয়, ৫৯টি মাদ্রাসা ও ৩৩টি কলেজ আছে। অধিকাংশ শিক্ষা প্রতিষ্ঠান স্বাধীনতার পর প্রতিষ্ঠা লাভ করে। স্থানীয় বিদ্যোৎসাহী ব্যক্তিদের প্রচেষ্টায় প্রতিষ্ঠানগুলি চালু হইলেও অধিকাংশ জীর্ণ ভবনে ছাত্র-ছাত্রীরা লেখাপড়া করিতে থাকে। সরকার ১৯৭৪ সালে প্রাথমিক শিক্ষাকে জাতীয়করণের পর শিক্ষা মন্ত্রণালয় বিভিন্ন স্কুলে নূতন ভবন নির্মাণ শুরু করে। ১৯৮৫ হইতে ১৯৯০ সাল পর্যন্ত উপজেলা পরিষদের তহবিল হইতে জেলার শতাধিক স্কুলে নূতন ভবন নির্মাণ ও পুরাতন ভবন সংস্কার করা হয়। এতদসত্ত্বেও অনেকগুলি সরকারী ও রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়ের ভবন পুরাতন ও ঝুঁকিপূর্ণ অবস্থায় থাকিয়া যায়। ইহাছাড়া বেসরকারী উচ্চ ও নিম্নমাধ্যমিক বিদ্যালয়ের অধিকাংশ ভবন মাটি, বাঁশ ও টিনের তৈরী। খুব কম পরিমাণ স্কুল সরকারী সহায়তা লাভ করে।

বর্তমানে শিক্ষা মন্ত্রণালয়ের ফ্যাসিলিটিজ বিভাগের পাশাপাশি স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর বিভিন্ন স্কুলে নূতন ভবন নির্মাণ করিতেছে। তাহাদের তত্ত্বাবধানে নির্মিত ভবনগুলির কাজ আগামী জুন মাসের মধ্যে শেষ হইবে বলিয়া আশা করা হইতেছে। চলতি বছর হাতে নেওয়া ১৫৯টি বিদ্যালয়ে নূতন ভবন নির্মাণ ও পুরাতন ভবন সংস্কার হইলে জেলায় প্রায় ৫০ হাজার ছাত্র-ছাত্রী আরও উন্নত পরিবেশে লেখাপড়ার সুযোগ পাইবে। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর নূতন ভবন নির্মাণ ছাড়াও বিদ্যালয়গুলিতে নূতন আসবাবপত্র সরবরাহ করিতেছে।